নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581
Mobile: 88-01733998894

নোবিপ্রবি/জনওপ্রকা/হালনাগাদ তথ্য/২০২৬/২৭২৫ ১৪ অক্টোবর ২০২৬

নোবিপ্রবি প্রশাসনের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. শুধু তথ্য পাওয়াই যথেষ্ট নয়; তথ্যের সত্যতা, উৎস এবং কী উদ্দেশ্যে তা প্রচার করা হচ্ছে সেটি যাচাই করে দায়িত্বশীল তথ্যচর্চা জরুরি বলে মত প্রকাশ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সোমবার (২৮ সেপ্টেম্বর ২০২৬) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৬ উপলক্ষে আয়োজিত র‍্যালিতে প্রধান অতিথি হিসেবে এসব কথা বলেন তিনি। 'ডিজিটাল যুগে সঠিক তথ্য নিশ্চিতকরণ : অপতথ্য রোধে তথ্য অধিকারের ভূমিকা' প্রতিপাদ্যে নোবিপ্রবি জনসংযোগ ও প্রকাশনা দপ্তর বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সম্মুখে ওই র‍্যালির আয়োজন করে। এ সময় প্রতিষ্ঠানে কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতে তথ্য অধিকার আইনের যথাযথ প্রয়োগের ওপর গুরুত্বারোপ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এছাড়াও তিনি নোবিপ্রবি শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ প্রত্যেককে তথ্যের সঠিক ব্যবহার নিশ্চিতে দায়িত্বশীল তথ্যচর্চার আহ্বান জানান।

২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই): ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ট্রেনিং ফর টারশিয়ারি লেভেল স্টুডেন্টস' শীর্ষক প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের ল্যাব কক্ষে নোবিপ্রবি ও এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর যৌথ উদ্যোগে শিক্ষার্থীদের অংশগ্রহণে দুই দিনব্যাপী এ প্রশিক্ষণ শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সভাপতির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব শুধু প্রাতিষ্ঠানিক জ্ঞান দেওয়া নয়, শিক্ষার্থীদের পরিবর্তিত বিশ্বের জন্য প্রস্তুত করাও বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব। শিক্ষার্থীদের এআই প্রযুক্তি সম্পর্কে জানার পাশাপাশি গবেষণা, উদ্ভাবন ও বাস্তব সমস্যা সমাধানে তা কাজে লাগানোর সক্ষমতা অর্জন করতে হবে। উপাচার্য আরও বলেন, তরুণদের সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের অর্থনীতিতে তাদের আরও কার্যকর অংশগ্রহণ নিশ্চিতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ।

৩. নোয়াখালীতে 'প্যারেন্টিং ইন বাংলাদেশ' শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৮ সেপ্টেম্বর ২০২৬) নোয়াখালী সরকারি কলেজের সম্মেলন কক্ষে 'কর্ম, পরিবার এবং আধুনিক প্যারেন্টিং' বিষয়ক এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ও বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় আধুনিক যুগে সন্তান লালন-পালন ও পারিবারিক সুস্বাস্থ্যের বিভিন্ন বিষয়ে আলোকপাত করে অভিভাবকদের উদ্দেশ্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, একটি সুস্থ সমাজ বিনির্মাণে সরকারের পাশাপাশি পরিবারের ভূমিকাই সবচেয়ে বেশি। প্যারেন্টিংয়ে সন্তানের শারীরিক যত্নের পাশাপাশি তাদের মানসিক যত্নের বিষয়টিও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা উচিত। বর্তমানে সন্তানকে শাসন করার চেয়ে তাদের বন্ধু হওয়া, কথা শোনা এবং তাদের মতামতকে গুরুত্ব প্রদান করা প্যারেন্টিয়ের মূল ভিত্তি হতে হবে। বক্তব্যে এ ফোকাস গ্রুপ ডিসকাশন থেকে যে মূল্যবান মতামত এবং সুপারিশগুলো উঠে আসবে তা সরকারের নীতিনির্ধারণী পর্যায়ে এবং সামাজিক সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে উল্লেখ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'বিশ্ব ফার্মাসিস্ট দিবস ২০২৬' পালিত হয়েছে। মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের আয়োজনে 'সুস্থ ভবিষ্যতের জন্য ফার্মাসিস্টদের ক্ষমতায়ন' প্রতিপাদ্যকে সামনে রেখে দিবসটি পালিত হয়। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার মধ্যে ছিলো বর্ণাঢ্য র‍্যালি, কেক কাটা এবং সংক্ষিপ্ত আলোচনা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। ফার্মেসী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জামিউদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন। র‍্যালি পরবর্তী সংক্ষিপ্ত বক্তব্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম বলেন, বর্তমান বিশ্বে জীবনযাত্রাজনিত বিভিন্ন রোগ এবং স্বাস্থ্যঝুঁকি বাড়ছে। একই সঙ্গে ওষুধবিজ্ঞানেও প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন ও পরিবর্তন ঘটছে। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় ফার্মাসিস্টদের আধুনিক জ্ঞান, গবেষণা দক্ষতা, প্রযুক্তিগত সক্ষমতা এবং পেশাগত নৈতিকতা অর্জন করতে হবে।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের নিয়ে কাজ করা স্বেচ্ছাসেবী সংগঠন 'এনএসটিইউ স্পেশাল হেল্প এন্ড ইনক্লুসিভ নেটওয়ার্ক ফর এডুকেশন' (NSTU SHINE) এর ৩য় প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বুধবার (৩০ সেপ্টেম্বর ২০২৬) নোবিপ্রবি ভিডিও কনফারেন্স কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আমরা এমন একটি ক্যাম্পাস গড়ে তুলতে চাই, যেখানে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা অন্য সবার মতোই স্বাভাবিকভাবে শিক্ষা গ্রহণ, সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সুযোগ-সুবিধা ব্যবহারের সুযোগ পাবে। একটি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রকৃত সাফল্য তখনই অর্জিত হয়, যখন সেখানে প্রত্যেকের মর্যাদা, নিরাপত্তা, সমান সুযোগ ও অংশগ্রহণ নিশ্চিত করা যায়। বক্তব্যে একটি অন্তর্ভুক্তিমূলক বিশ্ববিদ্যালয় হিসেবে নোবিপ্রবিকে গড়ে তুলতে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) সায়েন্স ক্লাবের উদ্যোগে বর্ণাঢ্য আয়োজনে '৪র্থ নোবিপ্রবি ন্যাশনাল সায়েন্স ফেস্ট-২০২৬' এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৩ অক্টোবর ২০২৬) র‍্যালির মাধ্যমে দুই দিনব্যাপী আয়োজিত এ ফেস্টের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, নোবিপ্রবিতে সায়েন্স ফেস্ট একটি ব্যতিক্রমী আয়োজন, যেখানে প্রায় ১২০০ শিক্ষার্থী অংশগ্রহণ করছে। বিজ্ঞানের প্রতি শিক্ষার্থীদের এই আগ্রহ দেখে আমি আনন্দিত। আজকের এ অনুষ্ঠানে আমি দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি, যিনি মেয়েদের উপবৃত্তির প্রচলন করে তাদের পড়াশোনায় উদ্বুদ্ধ করেছিলেন এবং যার প্রতিফলন সায়েন্স ফেস্টে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অধিকাংশই নারী। ফেস্টে ৩৮টি স্কুল-কলেজ ও ১২টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিজ্ঞানভিত্তিক বিভিন্ন প্রজেক্ট নিয়ে অংশগ্রহণ করছে, যা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। ভবিষ্যতে এ ধরনের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীদের জন্য সহযোগিতা বৃদ্ধি করা হবে বলেও উল্লেখ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) সায়েন্স ক্লাবের আয়োজনে '৪র্থ নোবিপ্রবি ন্যাশনাল সায়েন্স ফেস্ট-২০২৬' এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। রোববার (৪ অক্টোবর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে ফেস্টের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন সেগমেন্টের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞানের প্রতি আগ্রহ সৃষ্টিতে এ ধরনের একটি আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতেও এ ধরনের উদ্যোগ অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ও সায়েন্স ক্লাবের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন।

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) হযরত বিবি খাদিজা হলে শিক্ষার্থীদের জন্য নবনির্মিত সেমিনার রুম ও লাইব্রেরির উদ্বোধন এবং নারীর বিরুদ্ধে সাইবার বুলিং প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৬ অক্টোবর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী প্রধান অতিথি হিসেবে হলের সেমিনার রুম ও লাইব্রেরির উদ্বোধন করেন। পরে হল প্রশাসন কর্তৃক আয়োজিত 'নারী ও অনলাইন নিরপত্তা: ডিজিটাল যুগে সাইবার বুলিং প্রতিরোধ' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন তিনি। বক্তব্যে উপাচার্য বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগে আমরা যখন একটি স্মার্ট সমাজ বিনির্মাণের দিকে এগোচ্ছি, তখন নারীর বিরুদ্ধে সাইবার বুলিং আমাদের সামগ্রিক অগ্রগতিকে বাধাগ্রস্ত করছে। সামাজিক যোগাযোগ মাধ্যমকে ব্যবহার করে এ ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড একজন নারীর মানসিক স্বাস্থ্য ধ্বংসের পাশাপাশি তাকে সামজিকভাবে হেয় প্রতিপন্ন করে বিষণ্নতার দিকে ঠেলে দেয়। নারীর বিরুদ্ধে যে কোনো ধরণের হয়রানি বা সাইবার বুলিংয়ের মত কর্মকাণ্ডের বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স নীতি বহাল থাকবে। বক্তব্যে উদ্বোধনকৃত সেমিনার রুম ও লাইব্রেরি শিক্ষার্থীদের পড়াশোনায় আরও মনযোগী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'মেশিন ইন্টেলিজেন্স অ্যান্ড ইমার্জিং টেকনোলজিস (গওউঞ)-২০২৬' শীর্ষক ৩য় আন্তর্জাতিক কনফারেন্স এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (০৮ অক্টোবর ২০২৬) নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে দুই দিনব্যাপী আয়োজিত আন্তর্জাতিক এ কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মো. আনোয়ার হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন এবং প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আশরাফুল আলম।

১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (নোবিপ্রবিসাস) ১ যুগ পূর্তি ও পুনর্মিলনী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে শনিবার (১০ অক্টোবর ২০২৬) নোবিপ্রবি সাংবাদিক সমিতির উদ্যোগে কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, নোবিপ্রবি সাংবাদিক সমিতির এক যুগ পূর্তিতে আমি এর সাবেক ও বর্তমান প্রতিটি সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছি। দীর্ঘ এক যুগ ধরে এ সংগঠনটি নিষ্ঠা ও সততার সঙ্গে তাদের দায়িত্ব পালন করে আসছে, যা প্রসংশার দাবি রাখে। আমার প্রত্যাশা থাকবে পূর্বের ন্যায় আগামী দিনগুলোতেও সাংবাদিক সমিতি বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করবে এবং যে কোনো অপপ্রচার রোধে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সর্বাত্মক সহযোগিতা করবে। নোবিপ্রবি সাংবাদিক সমিতির সভাপতি নাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. গাজী মো. মহসিন, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদ ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. শিবলুর রহমান।

১১. মানসিক স্বাস্থ্য সুরক্ষা, সামাজিক অস্থিরতা মোকাবিলা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর পুনর্বাসনে ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কের কার্যকর প্রয়োগ ও দক্ষ জনবল নিয়োগের ওপর গুরুত্বারোপ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। রবিবার (১১ অক্টোবর ২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের অ্যালামনাই ফ্লোরে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে আয়োজিত 'লিভড এক্সপেরিয়েন্সেস টু মিনিংফুল চেঞ্জ: প্রমোটিং ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্ক প্র্যাকটিস ইন মেন্টাল হেলথ' শীর্ষক জাতীয় সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (CSWAB) এ সেমিনারের আয়োজন করে। অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, বর্তমান সমাজে শিশু-কিশোরসহ বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে নানা ধরনের সামাজিক ও মানসিক সংকট দেখা যাচ্ছে। এসব সংকট মোকাবিলায় শুধু আইন প্রয়োগ, চিকিৎসা কিংবা তাৎক্ষণিক সহায়তা যথেষ্ট নয়; সমস্যার অন্তর্নিহিত কারণ চিহ্নিত করা, পারিবারিক ও সামাজিক প্রেক্ষাপট বিশ্লেষণ এবং দীর্ঘমেয়াদি পুনর্বাসন নিশ্চিত করা জরুরি। এ ক্ষেত্রে ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কাররা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। বক্তব্যে স্কুল-কলেজ থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ও রাষ্ট্রীয় পর্যায়ে ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কারদের কাজের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন বলে মতামত ব্যক্ত করেন তিনি।

১২. শারদীয় দুর্গাপূজা-২০২৬ উপলক্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বিশ্ববিদ্যালয়ের সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ। সোমবার (১২ অক্টোবর ২০২৬) নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকালে সনাতন ধর্মাবলম্বীদের শারদীয় শুভেচ্ছা জ্ঞাপন করে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আবহমানকাল থেকে বিপুল উৎসাহ-উদ্দীপনা ও উৎসবমূখর পরিবেশে শারদীয় দুর্গাপূজা উদযাপিত হয়ে আসছে। শারদীয় দুর্গোৎসব আমাদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, ভালোবাসা ও সম্প্রীতির বন্ধনকে আরও গভীর করবে বলে আমার বিশ্বাস। এ সময় সমাজে অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধ বজায় রেখে সকলের সুখ, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিএসটিই) বিভাগের ১৬তম ব্যাচের শিক্ষার্থীদের ফেয়ারওয়েল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ অক্টোবর ২০২৬) নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মো. রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, সিএসটিই বিভাগের শিক্ষার্থীদের সামনে সম্ভাবনার বিশাল ক্ষেত্র উন্মুক্ত রয়েছে। এখানে অর্জিত জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে তোমরা দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবে বলে আমি মনে করি। তিনি আরও বলেন, ভবিষ্যতে তোমরা যে যেখানেই থাকো, নিজেদের আচার-আচরণ এবং নীতি-নৈতিকতার মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখবে এবং পরিবারের মুখ উজ্জ্বল করবে। বর্তমান প্রেক্ষাপটে শীর্ষস্থানীয় একটি বিষয়ে তোমরা ডিগ্রি অর্জন করলে, যা তোমাদের স্বপ্ন পূরণে সহযোগী হবে বলে আমার বিশ্বাস। এ সময় বিদায়ী শিক্ষার্থীদের শুভকামনা জ্ঞাপন ও নোবিপ্রবির ৩য় সমাবর্তনে এ বিভাগের শিক্ষার্থীদের সরব উপস্থিতির প্রত্যাশা ব্যক্ত করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলে সংযোজিত দুটি দ্বিতল বিআরটিসি বাস উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর ২০২৬) প্রধান অতিথি হিসেবে বাস দুটির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য বলেন, শিক্ষার্থীদের নিরাপদ ও নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করা আমাদের অন্যতম লক্ষ্য। এর মাধ্যমে তারা নিয়মিত ক্লাস, পরীক্ষা এবং অন্যান্য একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষা কার্যক্রমের মানোন্নয়নে শুধু শ্রেণিকক্ষ, গবেষণাগার কিংবা আবাসন সুবিধা নিশ্চিত করাই যথেষ্ট নয়; এর পাশাপাশি শিক্ষার্থীদের যাতায়াতসহ প্রয়োজনীয় অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করাও

অত্যন্ত জরুরি। আমরা আশা করি, নতুন দুটি বাস শিক্ষার্থীদের যাতায়াতের ক্ষেত্রে বিদ্যমান চাপ কিছুটা হলেও কমাতে সহায়ক হবে। শিক্ষার্থীবান্ধব বিশ্ববিদ্যালয় গড়ে তোলার লক্ষ্যে এ ধরনের উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানান উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষা বিভাগের আয়োজনে বার্ষিক ক্রীড়া সপ্তাহ-২০২৬ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। শিক্ষা বিভাগের চেয়ারম্যান মো. ওয়ালিউর রহমান আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাছান উদ্দীন এবং বায়োটপ এগ্রোভেট লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর কৃষিবিদ মোস্তাফিজুর রহমান। নোবিপ্রবি শিক্ষা বিভাগের ৫ম ব্যাচের আয়োজনে এবং বায়োটপ অ্যাগ্রোভেট লিমিটেডের সহযোগিতায় প্রতিযোগিতার ইভেন্ট সমূহের মধ্যে ছিলো- ক্রিকেট, ফুটবল, লুডু, পিলো পাসিং এবং অতিথিদের হাঁড়ি ভাঙ্গা প্রতিযোগিতা। এ সময় প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সমাজকর্ম বিভাগের আয়োজনে 'ফিল্ড ওয়ার্ক - প্রজেক্ট ইন্টার্নশিপ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১৩ অক্টোবর ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, ইন্টার্নশিপ শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক শিক্ষার সঙ্গে বাস্তব অভিজ্ঞতার সমন্বয় ঘটাতে এবং ভবিষ্যৎ কর্মজীবনের জন্য নিজেদের প্রস্তুত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফিল্ড ওয়ার্কের মাধ্যমে শিক্ষার্থীরা সমাজের প্রকৃত চিত্র উপলব্ধি করার পাশাপাশি মানুষের সমস্যা চিহ্নিত করা, তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং কার্যকর সমাধান খুঁজে বের করার বাস্তব সুযোগ লাভ করে। সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান সিফাত-ই-মান্নানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সমাজসেবা অফিস, নোয়াখালীর উপ-পরিচালক জেড. এম. মিজানুর রহমান ও সাগরিকা সমাজ উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম প্রমুখ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪